



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

১২ বৈশাখ ১৪৩১

তারিখ: _____

২৫ এপ্রিল ২০২৪

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

ঋণ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ ও গ্যাস সরবরাহকারী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ছাড়পত্র গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৭.০২.২০২৪ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় (২০২৪ সালের ২য় সভা) নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে-

- (ক) ইকোনোমিক জোন বা সরকার কর্তৃক নির্ধারিত শিল্প এলাকা ছাড়া অন্য কোনো স্থানে নতুন শিল্প প্রতিষ্ঠান নির্মাণ করা হলে বিদ্যুৎ সংযোগ ও গ্যাস সরবরাহ প্রদান না করা; এবং
- (খ) বিদ্যুৎ ও গ্যাস সরবরাহকারী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ছাড়পত্র ছাড়া নতুন শিল্প প্রতিষ্ঠানকে ঋণ প্রদান না করা।

২। এ প্রেক্ষিতে নতুন শিল্প প্রতিষ্ঠানকে ঋণ/লিজ/বিনিয়োগ সুবিধা প্রদানের পূর্বে বিদ্যুৎ ও গ্যাস সরবরাহকারী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ছাড়পত্র গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৩। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আসাদুজ্জামান খান)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮।